

Telephone Conversation between Prime Minister and His Royal Highness The Prince of Wales

April 02, 2020

প্রধান মন্ত্রী এবং হিজ রয়াল হাইনেস দ্য প্রিন্স অব ওয়েলসের মধ্যে
টেলিফোনে বাক্যালাপ

এপ্রিল 02.2020

আজ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং হিজ রয়াল হাইনেস দ্য প্রিন্স অব ওয়েলসের মধ্যে টেলিফোনে বাক্যালাপ হয়েছে।

দুই সম্মানিত ব্যক্তি চলতে থাকা কোভিড-19 অতিমারি নিয়ে আলোচনা করেছেন। গত কয়েকদিনে যুক্তরাষ্ট্রে জীবনহানীর জন্য প্রধানমন্ত্রী তার শোক জ্ঞাপন করেছেন। হিজ রয়াল হাইনেস সম্প্রতি অসুস্থতা থেকে আরোগ্য লাভ করতে তিনি তার পরিতোষ ব্যক্ত করেছেন এবং স্থায়ী সুস্বাস্থ্য কামনা করেছেন।

হিজ রয়াল হাইনেস দ্য প্রিন্স সংযুক্ত রাষ্ট্রে জাতীয় স্বাস্থ্য পরিষেবার অনেক সদস্য সহ ভারতীয় অভিবাসী সদস্যদের, যারা অতিমারি মোকাবিলায় মৌলিক ভূমিকা পালন করেছেন তাদের প্রতি তার প্রশংসা ব্যক্ত করেছেন। তিনি সংযুক্ত রাষ্ট্রে বিভিন্ন ভারতীয় ধর্মীয় এবং সামাজিক প্রতিষ্ঠানের নিঃস্বার্থভাবে কাজ করার কথাও উল্লেখ করেছেন।

হিজ রয়াল হাইনেস দ্য প্রিন্স বর্তমান সংকটে ভারতে আটকে পড়া ইউকে-র নাগরিকদের সুবিধা এবং সহযোগিতা প্রদানের জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন।

আয়ুর্বেদের প্রতি সবসময় তার গভীর আগ্রহের জন্য হিজ রয়াল হাইনেসকে প্রধানমন্ত্রী ধন্যবাদ জানিয়েছেন। ছোট অ্যানিমেশন ভিডিওর মাধ্যমে যোগ শিক্ষায় ভারতের উদ্যোগ এবং অনাক্রম্যতা বৃদ্ধির জন্য সহজ ঘরোয়া পরম্পরাগত প্রতিকারের সাম্প্রতিক প্রচারকে ব্যাখ্যা করেছেন। হিজ রয়াল হাইনেস দ্য প্রিন্স, বিশেষতঃ বর্তমান পরিস্থিতিতে স্বাস্থ্য এবং কুশলতার বৃদ্ধির এই সকল উদ্যোগগুলির সম্ভাবনাকে প্রশংসা করেছেন।

নিউ দিল্লি

এপ্রিল 02.2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.